

### 3 (Sem-1) BEN

2 0 1 5

BENGALI

( Modern Indian Language )

Full Marks : 60

Time : 3 hours.

The figures in the margin indicate full marks for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) “শ্রীচরণে দৃষ্টি করি প্রাণত্যাগ কৈল।”  
কে প্রাণত্যাগ করেছিল ?

(খ) “কি মেধি  
ডরিবে এ দাস হেন দুর্বল মানবে ?”  
‘দুর্বল মানব’ কাকে বলা হয়েছে ?

(গ) ভারতচন্দ্র কোন শতাব্দীর কবি ছিলেন ?

(ঘ) বিনুর বয়স কত ছিল ?

(ঙ) “ফকীরমন্সার রূপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে;”  
কাদের ছায়া পড়েছে ?

(চ) হয়তো ভোরের \_\_\_\_\_ হয়ে এই কার্তিকের নবান্নের দেশে ।  
( শূন্যস্থান পূর্ণ করো )

(ছ) “সব চেয়ে ঢের দূর নক্ষত্রের তলে  
সব পথে এই সব শান্তি আছে;”

কবি কোন্ শান্তির কথা বলেছেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫

(ক) “আপন কন্যাকে নিজে ফেলে ভূমিতলে ॥”

কন্যাটি কে এবং কার কন্যা ?

(খ) রাবণের পুত্র এবং নাতির সংখ্যা কত ছিল ?

(গ) “ছিন্ন ঋঞ্জনার মতো যখন সে নেচেছিলো ইন্দ্রের সভায়  
ইন্দ্রের সভায় কে এবং কেন নেচেছিল ?

(ঘ) ‘চণ্ডীকামঙ্গল’ কে লিখেছিলেন ? তোমার পঠিত জীবনানন্দ  
দাশের কোন্ কবিতায় ‘চণ্ডীকামঙ্গল’-এর উল্লেখ আছে ?

৩। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=

(ক) “অতিথি আপনি হবে উপোসী কেমনে রবে

অন্নের সংযোগ মোর নাই ।

হেন ভাগ্য নাহি ধরি অতিথি সেবন করি

এই বেলা দেখ আর ঠাঁই ॥”

সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো ।

(খ) শ্রীচৈতন্যদেবের জন্মের পূর্বে নবদ্বীপের পরিবেশ কেমন ছিল ?

‘নবদ্বীপ’ কবিতাটি অবলম্বনে সংক্ষেপে বর্ণনা করো ।

- (গ) “মৃগেন্দ্র কেশরী  
কবে, হে বীর-কেশরী, সম্রাটে শৃগালে  
মিত্রভাবে?”

নিহিতার্থ ব্যাখ্যা করো।

- (ঘ) “দেখি নাই অত  
অজস্র চুলের চুমা হিজলে কাঁঠালে জামে ঝরে অবিরত,  
জানি নাই এত স্নিগ্ধ গন্ধ ঝরে রূপসীর চুলের বিন্যাসে  
পৃথিবীর কোনো পথে;”

সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো।

- (ঙ) “হয়তো ভোরের কাক হ’য়ে এই কার্তিকের নবান্নের দেশে  
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়;”

সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো।

- ৪। (ক) ‘মৃত্যুশয্যায় রাবণ’ কবিতাটি অবলম্বনে রাবণ চরিত্রটি  
বিপ্লেষণ করো। ১০

অথবা

- (খ) ‘মেঘনাদ ও বিভীষণ’ কবিতাটি অবলম্বনে মেঘনাদ চরিত্রটি  
পরিশ্ফুট করো। ১০

- ৫। (ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘ফাঁকি’ কবিতাটির নামকরণ সার্থক  
হয়েছে কি না, বিচার করো। ১০

অথবা

- (খ) ‘হরিহোড়ের বৃত্তান্ত’ কবিতাটি অবলম্বনে হরিহোড়ের দুঃখী  
জীবনের অবসান কীভাবে হয়েছিল, বিপ্লেষণ করো। ১০

৬। (ক) 'আবার আসিব ফিরে' কবিতাটি অবলম্বনে কবি  
জীবনানন্দের প্রকৃতিপ্রেমের পরিচয় দাও।

অথবা

(খ) 'আকাশে সাতটি তারা' কবিতাটির সারসংক্ষেপ লেখো।

★ ★ ★